

(প্রেস বিজ্ঞপ্তি)

১১ সেপ্টেম্বর ২০২৩খ্রি.

ঢেলে সাজানো হচ্ছে চট্টগ্রামের যোগাযোগ ব্যবস্থা: মেয়র

জনসংখ্যা বৃদ্ধি আর ক্রমবর্ধমান শিল্পায়নের সাথে তাল মেলাতে চট্টগ্রামের যোগাযোগ ব্যবস্থাকে ঢেলে সাজানো হচ্ছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সোমবার নগরীর উত্তর আখ্ৰাবাদ, দক্ষিণ মধ্যম হালিশহর, পতেঙ্গা ও গোসাইলডাঙ্গা ওয়ার্ডে চলমান উন্নয়ন কার্যক্রম পরিদর্শনকালে জনগণের সাথে মতবিনিময়কালে মেয়র এ মন্তব্য করেন।

পরিদর্শনকালে ২৪নং ওয়ার্ডস্থ কর্ণফুলী মার্কেট দোকান মালিক সমিতির নেতৃত্বদ কাউন্সিলর নাজমুল হক ডিউক ও জাহেদা বেগম পপিকে ধন্যবাদ জানিয়ে বলেন, মেয়র রেজাউল দায়িত্ব গ্রহণের পর গত ৪০ বছরে প্রথমবারের মতো এ বাজারের অন্যতম ঘাটতি ড্রেনেজ সিস্টেম গড়ে তুলতে চসিকের অর্থায়নে প্রকল্প গ্রহণ করা হয়েছে। ফলে, এলাকাবাসীর পাশাপাশি র বাজারের ক্রেতা-বিক্রেতার উপকৃত হবেন ফলে এ বাজারটির আর্থিক সম্প্রসারণ হবে। এরপর পার্শ্ববর্তী চসিকের অর্থায়নে নবনির্মিত বেপারিপাড়া সিটি কর্পোরেশন কাঁচাবাজার পরিদর্শনকালে এলাকাবাসীর বিভিন্ন দাবি ও অভিযোগ সম্পর্কে অবগত হন মেয়র।

কাউন্সিলর মোঃ মোর্শেদ আলী ও ফেরদৌসী আকবর গোসাইলডাঙ্গা এলাকায় চলমান বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের হাল-নাগাদ মেয়রের কাছে উপস্থাপনের পাশাপাশি এলাকায় একটি কবরস্থান নির্মাণের দাবি জানালে মেয়র রেজাউল এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন।

পরিদর্শনকালে প্যানেল মেয়র আফরোজা কালাম ও কাউন্সিলর গোলাম মোহাম্মদ চৌধুরীর নেতৃত্বে দক্ষিণ মধ্যম হালিশহর এলাকাবাসী জানান, জলাবদ্ধতা নিরসনে মহেশখালের উপর নতুন স্লুইসগেট নির্মাণ করা হলেও পার্শ্ববর্তী পোস্ট অফিস খালে কোন স্লুইসগেট না থাকায় ৩৮ নং দক্ষিণ মধ্যম হালিশহর ও ৩৯ নং দক্ষিণ হালিশহর এলাকায় বন্যা হচ্ছে। এজন্য এলাকাবাসী পোস্ট অফিসখালে স্লুইসগেট নির্মাণের পাশাপাশি ড্রেনেজ ও ড্রেজিং সিস্টেম সম্প্রসারণের দাবি জানালে মেয়র প্রকৌশল বিভাগকে বিষয়টি খতিয়ে দেখার নির্দেশনা দেন।

৪১ নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডে গেলে স্থানীয় ওয়াহিদুল আলম চৌধুরীর নেতৃত্বে মেয়রকে এলাকাবাসী জানান, পতেঙ্গা এলাকার অলি-গলিতেও এখন পানি রাস্তা নির্মাণ করা হয়েছে। এলাকাবাসী সরকার ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উন্নয়ন কর্মকাণ্ডে সন্তুষ্ট। এসময় মেয়র জানান, নতুন যেসব এলাকায় রাস্তা করা হয়েছে সেসব এলাকায় আলোকায়নের ব্যবস্থা করা হবে।

এসময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হুদা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী বিপ্লব দাশ, নির্বাহী প্রকৌশলী জসিম উদ্দিন, আশিকুল ইসলাম, আনোয়ার জাহান, সহকারী প্রকৌশলী কামরুল হাসান, উপ-সহকারী প্রকৌশলী মো. আলী।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮